# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

জেনারেল ক্রেডিট বিভাগ

নং- বিকেবি-প্রকা/ক্রেবি (শাখা-১)/৭(৩৪)/২০২৩-২৪/ ২৬৯৫ (২২৫৫) তারিখঃ ০৮/০৫/২০২৪ খ্রিঃ

বিষয়ঃ কোভিড-১৯ মহামারি ও অন্যান্য কারণে গ্রামে ফিরে যাওয়া জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচনে ৫০০.০০ (পাঁচশত) কোটি টাকার "ঘরে ফেরা" বিষয়ক পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি প্রসঙ্গে।

সূত্র নং- বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা এর ক্রেডিট বিভাগের সূত্র নং-১২৬০, ১৫২৮, ২৭৪, ১৫৯২ তারিখঃ ০৫/০১/২০২২, ১৭/০২/২০২২, ০২/০৮/২০২৩, ০১/০৪/২০২৪ খ্রি.

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। কোভিড-১৯ মহামারি ও অন্যান্য কারণে গ্রামে ফিরে যাওয়া জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচনের জন্য বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, কৃষি ঋণ বিভাগ কর্তৃক ৫০০.০০ (পাঁচশত) কোটি টাকার "ঘরে ফেরা" বিষয়ক পুনঃঅর্থায়ন স্কিম (এসিডি সার্কুলার নং-০১, তারিখ ০৩ জানুয়ারি, ২০২২) চালু করা হয়। বর্ণিত স্কিমের আওতায় ঋণ বিতরণ এর লক্ষ্যমাত্রা নির্ধারনপূর্বক করণীয় সম্পর্কিত দিক নির্দেশনা দিয়ে মাঠ পর্যায়ে পত্র জারী করা হয়েছে। বর্ণিত সার্কুলারের আওতায় ৩১ ডিসেম্বর, ২০২৪ তারিখ মেয়াদে ঋণ বিতরনের কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশনা রয়েছে। ইতোমধ্যে ২০২৩-২০২৪ অর্থবছরের ১০ (দশ) মাস অতিক্রান্ত হলেও ঋণ বিতরণের কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। ০৭/০৫/২০২৪ তারিখ ভিত্তিক (Loan Portal হতে প্রাপ্ত তথ্য) বিভাগওয়ারী বর্ণিত স্কিমের আওতায় ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন নিম্নরূপঃ

(লক্ষ টাকায়)

| ক্রঃ নং | বিভাগের নাম | ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা | অর্জন | অর্জনের শতকরা হার (%) |
|---|---|---|---|---|
| ১ | ঢাকা | ২০০০.০০ | ১৩৮৭.৬০ | ৬৯.৩৮% |
| ২ | ময়মনসিংহ | ৩৮০০.০০ | ২৯২০.৩৮ | ৭৬.৮৫% |
| ৩ | চট্টগ্রাম | ২০০০.০০ | ১৫১৬.০০ | ৭৫.৮০% |
| ৪ | খুলনা | ৪০০০.০০ | ৩৬৩৭.৪৫ | ৯০.৯৪% |
| ৫ | বরিশাল | ২৫০০.০০ | ১৪৮৯.৭৫ | ৫৯.৫৯% |
| ৬ | সিলেট | ১৫০০.০০ | ১৩৮৯.৯০ | ৯২.৬৬% |
| ৭ | কুমিল্লা | ২৫০০.০০ | ১৯৭১.৫২ | ৭৮.৮৬% |
| ৮ | ফরিদপুর | ২৫০০.০০ | ২৪৩৬.৪৫ | ৯৭.৪৬% |
| ৯ | কুষ্টিয়া | ২৪০০.০০ | ১৯০২.৪৪ | ৭৯.২৭% |
| ১০ | এলপিও | - | - | - |
| | সর্বমোটঃ | ২৩২০০.০০ | ১৮৬৫১.৪৯ | ৮০.৩৯% |

উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায়, ফরিদপুর, খুলনা, সিলেট ব্যতীত কোন বিভাগই আলোচ্য স্কিমের আওতায় ঋণ বিতরণে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়নি। বর্ণিত সময়ে অর্থাৎ ০৭/০৫/২০২৪ তারিখ পর্যন্ত লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত হয়েছে ৮০.৩৯%। ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম, কুমিল্লা, কুষ্টিয়া ও বরিশাল বিভাগ লক্ষ্যমাত্রার গড় অর্জনের তুলনায় অনেক পিছিয়ে আছে। **ইতোপূর্বে বারংবার তাগিদ দেওয়া সত্ত্বেও বর্ণিত স্কিমের আওতায় লক্ষ্যমাত্রার কাঙ্খিত অর্জন না হওয়ায় ব্যাংক ব্যবস্থাপনা হতে অসন্তোষ প্রকাশ করা হয়েছে।**

০৩। সরকার ও বাংলাদেশ ব্যাংকের নিকট অত্র ব্যাংকের ভাবমূর্তি বজায় রাখাসহ বর্ণিত স্কিমের আওতায় ঋণ বিতরণের জন্য প্রদত্ত ২৩২.০০ (দুইশত বত্রিশ) কোটি টাকা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অর্জনে ইতোপূর্বে যেসকল নির্দেশনা প্রদান করা হয়েছে তা অনুসরণপূর্বক নির্ধারিত খাতে ঋণ বিতরণের যথাযথ পদক্ষেপ গ্রহণ করার মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে ঋণ বিতরন কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য কোন শাখা বর্ণিত স্কিমে উল্লেখিত খাতে প্রকৃত সুবিধা ভোগী এবং ঋণের সদ্ব্যবহার ব্যতীত ঋণ বিতরণ করলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের জন্য ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে।

চলমান পাতা-০২

বিষয়ঃ কোভিড-১৯ মহামারি ও অন্যান্য কারণে গ্রামে ফিরে যাওয়া জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচনে ৫০০.০০ (পাঁচশত) কোটি টাকার "ঘরে ফেরা" বিষয়ক পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি প্রসঙ্গে।

০৪। এমতাবস্থায়, অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত সার্কুলার লেটার ও পত্রসমূহ এ বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের জন্য পুনরায় অনুরোধ করা হলো। উল্লেখ্য বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ দৈনিক ভিত্তিতে লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন তদারকি জোরদার ও কার্যকর ব্যবস্থা গ্রহণসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

০৮.০৫.২০২৪

(আবু সাঈদ মোঃ রওশানুল হক)
মহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩৫৮৬৮১

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

প্রকা/ক্রে.বি./শাখা-১/৭(৩৪)/২০২৩-২৪/ ১৬৯৫(১২৫০) তারিখঃ ০৮/০৫/২০২৪ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

০৮/০৫/২০২৪

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক